আলমডাঙ্গার বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলতাব হোসেনের মৃত্য

আলমডাঙ্গা বাজারের বিশিষ্ট কাপড় ও সুতা ব্যবসায়ী হাজী আলতাব হোসেন বার্ধক্য জনিত কারণে মৃত্যবরণ করেছেন। গতকাল ভোর সাড়ে ৬টার দিকে নিজ বাস ভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৭৮)। (ইন্না লিল্লাহি —– রাজিউন)। হাজী আলতাব হোসেন মিয়ার পারিবারিক সূত্রে জানা যায়, তিনি বেশ কিছুদিন যাবৎ অসুস্থ অবস্থায় বিছানাগত ছিলেন। গতকাল বাদ আসর আলমডাঙ্গা দারুস সালাম কবরস্থানের মাঠে জানাজা অনুষ্টিত হয়। জানা যায় অংশ গ্রহণ করেন, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, সাবেক পৌর মেয়র বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, সাবেক পৌর মেয়র আলহাজ্ব মীর মহিউদ্দিন, কাপড় ব্যবসায়ী সমিতির সভাপতি আলহাজ্ব গোলাম রহমান সিঞ্জুল, আলহাজ্ব আব্দুল হাই, আলহাজ্ব রইছ উদ্দিন, আলহাজ্ব শফিউদ্দিন, জেলা পরিষদ সদস্য আবু মুসা, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন,বাবলু মিয়া,সরকারি কলেজের প্রভাষক জামাল উদ্দিন, সাবেক ওসি মতিয়ার রহমান, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, যুবলীগ নেতা আহসান উল্লাহ, শেখ আমানুল্লাহ, কাউন্সিলর কাজী আলী আসগর সাচ্চু, এ্যাডঃ মুকুল, এ্যাডঃ আব্দুর রউফ, আলহাজ্ব আলাউদ্দিন মিয়া, জাইদুল ইসলাম, প্রেস ক্লাবের সম্পাদক হামিদুল আজম, আলহাজ্ব ফকির মোহাম্মদ, শেখ আব্দুল জব্বার, সাবেক ব্যাংকার আলহাজ্ব মহিউদ্দিন প্রমুখ।
জানাযা পড়ান মওঃ আব্দুল কাদের। জানাযা শেষে দাফন সম্পন্ন করা হয়। মৃত্য কালে স্ত্রী, ৫ছেলে, ২মেয়ে,আত্মীয় স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আলমডাঙ্গায় একই ব্যক্তির

বিরুদ্ধে মারামারির ঘটনায় পৃথক দুটি থানায় অভিযোগ

পূর্ব শত্রুতার জের ধরে আলমডাঙ্গার বাবুপাড়ার কাউসুল কাউনাইনকে মারপিটের অভিযোগ উঠেছে। গতকাল বুধবার বিকাল ৬ টার দিকে বাবুপাড়ার বিটেম মাঠ প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।
এ ঘটনায় আফজাল হোসেনকে বাদী করে অজ্ঞাত ৬/৭ জনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় অভিযোগ দায়ের করেন।
জানা গেছে, আলমডাঙ্গা পৌর এলাকা বাবুপাড়ার ইফতেখারুলের ছেলে কাউসুল কাউনাইনের সাথে একই এলাকার কোর্টপাড়ার সিরাজুল ইসলাম তুফানের ছেলে আফজাল হোসেনের সাথে দীর্ঘদিন পূর্ব শত্রুতা চলে আসছিলো।
এর ঘটনায় গতকাল বুধবার বিকেল ৬ টার দিকে কাউসুল কাউনাইন আলমডাঙ্গার বিটিম মাঠ প্রাঙ্গণে গেলে তাদের লক্ষ করে আফজালসহ অজ্ঞাত কয়েকজন ব্যক্তি তাদের উপরে ইট নিক্ষেপ করে। এ ঘটনায় কাউসুল কাউনাইন ও তার খালাতো ভাই আবির মাহবুব গুরুত্বর আহত হয়। তারা স্থানীয় হাসপাতালে চিকিৎসা গ্রহণ করে।
এদিকে, গত সোমবার সন্ধ্যা ৭ টার দিকে আফজাল হোসেন একই এলাকার সুমনকে ধারালো অস্ত্র নিয়ে ধাওয়া করে। সুমন তার জীবন রক্ষার্থে দৌড়ে পালিয়ে যায়। আফজালের এ অপরাধ প্রবণতার কারণে সুমন ও কাউসুল কাউনাইন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করে।

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় মুজিববর্ষ উৎযাপন উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সকাল সাড়ে ৭টায় দামুড়হুদার হাউলি ইউনিয়ন পরিষদের সামনে (ডুগডুগি) থেকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম পর্যন্ত প্রায় ৬কিলোমিটার ম্যারাথন দৌড় এর উদ্বোধন করেন

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের প্রিন্সিপাল কামাল উদ্দীন, উপজেলা মাধ্যমিক অফিসার আব্দুল মতিন, প্রাথমিক শিক্ষা অফিসার সাকি ছালাম, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, হাউলি ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীনসহ উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ।
এই প্রতিযোগীতায় প্রায় ৫০জন অংশ নেয়। প্রতিযোগীতা
শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ অতিথিবৃন্দ।
অনুষ্ঠান পরিচালনা করেন সমবায় অফিসার হারুন অর
রশিদ।

চকশ্যামনগরে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে মারামারি, আহত -৫

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে মারধরের ঘটনা ঘটেছে, যাতে আহত হয়েছে ৫ জন।
গতকাল বুধবার বিকালে চকশ্যাম নগর খেলার মাঠে এই ঘটনা ঘটে।
আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গ্রামের আঙ্গুর আলীর ছেলে তারিক (২২), একই গ্রামের আজগর আলীর ছেলে আরিফ (৩২), আবুসিদ্দীকির ছেলে শামিম (২৫) ও আসাদ (২২), জিয়ারুল ইসলামের ছেলে রাকিব (২০)।
ঘটনা সূত্রে জানা যায়, মেহেরপুর চকশ্যামনগর খেলার মাঠে হাজী রহিম মন্ডল স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট খেলার আয়োজন করা হয়। এই খেলায় গতকাল বুধবার বিকালে একদিকে অংশগ্রহণ করে চকশ্যামনগর একাদশ ও অপরদিকে অংশগ্রহণ করে রাজাপুর একাদশ। খেলার মাঝখানে রাজাপুর একাদশ ফিল্ডিং করলে বেশকিছুক্ষণ খেলা চলে এক পর্যায়ে ওয়াইড বলকে কেন্দ্র করে আম্পায়ার লালন ও আতিয়ারের সাথে কথা কাটাকাটির সূত্র ধরে মারামারি হয়।
এ সময় রাজাপুর একাদশের ৫ জন আহত হয়। আহতরা মেহেরপুর জেনারেল

হাসপাতালে চিকিৎসাধীন আবস্থায় আছে।

দামুড়হুদায় ইয়াবাসহ গোপন আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযানে ১৫ পিচ ইয়াবা সহ গোপন আটক হয়েছে।
জানা গেছে, গত মঙ্গলবার রাত সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এসআই তৌহিদুর রহমান শেখসহ সঙ্গীয় পুলিশ ফোর্স দামুড়হুদা খাঁপাড়ার হাশেম খাঁ’র ছেলে মাদকব্যবসায়ী আকিফুজ্জামান ওরফে গোপন (৩৫) কে তার বসত বাড়ির শয়ন কক্ষ থেকে ১৫পিচ ইয়াবা ট্যাবলেটসহ আটক করা হয়।
এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন -আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে একটি মামলা করা হয়েছে। আসামির বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে।

কুষ্টিয়ার নবাগত জেলা প্রশাসককে মৌবনের শুভেচ্ছা

কুষ্টিয়ার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার পক্ষ থেকে তাকে (ডিসি) এই ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
গতকাল বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
এ সময় মৌবন ঢাকা-কুষ্টিয়ার অফিস এক্সিকিউটিভ মীর তনিমা, কর্মকর্তা ইমদাদসহ অন্যান্য কর্মকর্তারা এই ফুলেল শুভেচ্ছা জানান।

কুষ্টিয়ায় পৌর মেয়রকে মৌবনের শুভেচ্ছা

কুষ্টিয়া পৌরসভার নবনির্বাচিত মেয়র আনোয়ার আলীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার পক্ষ থেকে তাঁকে (মেয়র) এই ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
গতকাল বুধবার দুপুরে পৌরসভায় মেয়র কার্যালয়ে কুষ্টিয়ার মেয়র আনোয়ার আলীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার অফিস এক্সিকিউটিভ মীর তনিমা, কর্মকর্তা ইমদাদসহ অন্যান্য কর্মকর্তারা মেয়রের হাতে ফুল ও মিষ্টি তুলে দেন।
এ সময় সংশ্লিষ্ট কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আলুর বাম্পার ফলন, দাম না থাকায় কৃষকেরা শঙ্কিত

দামুড়হুদায় আলুর লক্ষমাত্রা অর্জন হলেও আশানুরূপ দাম না পাওয়ায় কৃষকরা শঙ্কিত। চলতি মৌসুমে খাদ্যে উদ্বৃত্ত দামুড়হুদা উপজেলাতে আলুর বাম্পার ফলন হয়েছে। উপজেলাতে আবহাওয়ার বৈরী আচরণ ও রোগ-বালাইয়ের আক্রমণ না হওয়ায় ফলন ভালো হয়েছে বলে জানা গেছে।
এ বছরে আলুর ফলন ভালো হলেও কৃষকের মুখে হাসি নেই। বাজারে আলুর দাম না থাকায় কৃষক সমাজ শঙ্কিত। চড়াদামে বীজ, সার কিনে আলু লাগিয়ে কৃষকের খরচের টাকা তুলতেও খাচ্ছেন হিমসিম।
গত বছর ফলন ভালো না হওয়ায় বছর জুড়ে আলুর দাম ছিল বেশ চড়া। তবে অধিক লাভের আশায় দামুড়হুদা উপজেলার কৃষকরা ব্যাপকভাবে আলু চাষে ঝুঁকে পড়েন। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে যায়, এ

উপজেলাতে গত বছরে ৩৯০ হেক্টর জমিতে আলু চাষ করা হয়। সে তুলনায় এবার লক্ষমাত্রা ধরা হয় ৩৯০ হেক্টর, চলতি মৌসুমে লক্ষমাত্রা ছাড়িয়ে অর্জন করা হয় ৪৭৯ হেক্টর জমির আলু। উপজেলাতে এবার ৫ জাতের আলু চাষ করেছেন বলে জানিয়েছেন কৃষকরা। এবারে আলু উৎপাদন মৌসুমে আলুর তেমন কোনো রোগ-বালাই লক্ষ্য করা যাননি, গাছও হয়েছে চমৎকার, বিঘা প্রতি জমিতে আলু উৎপাদন হয়েছে ৯০-১২০ মন । উপজেলা সদরের কৃষক ফকির জানান, আমি প্রায় ৩ বিঘা জমিতে আলু লাগিয়ে ছিলাম, ফলনো ভালো হয়েছে। তবে আলুর বাজার মূল্য খুব কম। প্রতি মণ আলু পাইকারি বিক্রয় হচ্ছে ৩০০-৪০০ টাকা। খুচরা কেজি বিক্রয় করা হচ্ছে ১০-১৫ টাকা দরে।
অপর আর এক কৃষক জানান, সার ও বীজসহ অন্যান্য খরচ বাবদ প্রতিবিঘা জমিতে আলু লাগাতে খরচ হয়েছে ২০-২৫ হাজার টাকার মতো।
উপজেলা কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম দৈনিক মেহেরপুর প্রতিদিনকে বলেন- এবার দামুড়হুদা উপজেলার কৃষকরা অধিক মুনাফা অর্জনের লক্ষে কষ্ট করে আলু চাষ করেছেন, তবে সে তুলনায় আলুর বাজারে দাম অনেক নিন্ম হওয়াতে কৃষকরা হতাশায় রযেছেন। কৃষক এবারের আলু চাষে ক্ষতিতে থাকবেন।
উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষিবিদ মনিরুজ্জামান বলেন চলতি মৌসুমে আবহাওয়া অনুকূলে থাকায় আলুতে তেমন কোনো রোগ বালাই হয়নি। ফলে আলুর বাম্পার ফলন হয়েছে, তবে বাজারে আলুর দাম পড়ে যাওয়ায় কৃষকরা আলুতে এবার বেশি লাভবান হবেন না। দাম কম হলেও ফলন বেশি হওয়াতে পুষিয়ে যাবে। তবে হিমাগার গুলিতে নির্দেশনা মেনে ঠিক সময়ে পুষ্ট আলু মজুদ করতে পারলে আগামীতে আলুর দাম পাওয়ার সম্ভাবনা রয়েছে। এবারে আলুর যা ফলন হয়েছে, তাতে অতীতের সমস্ত রেকর্ড ছাড়িয়ে গিয়েছে।

ছেলে মাকে হত্যার পর বস্তাবন্দি লাশ পানিতে ফেলল

কুষ্টিয়ার মিরপুরে মাকে হত্যার পর বস্তাবন্দি করে পানিতে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। নিখোঁজের ৩১ দিন পর ওই মায়ের মরদেহ উদ্ধার করেছে কুষ্টিয়া জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

এ ঘটনায় নিহত ওই নারীর ভাই ভেড়ামারা উপজেলার ক্ষেমিড়দিয়াড় গ্রামের তুরাব আলী (৬৭) বাদী হয়ে বুধবার মিরপুর থানায় একটি হত্যা মামলা করেছেন, যার মামলা নং-২১।

ওই মামলায় নিহতের ছেলে মুন্না বাবু, তার বন্ধু রাব্বী আলামীন ও দেবর আব্দুল কাদের বিশ্বাসকে (৫০) আসামি করা হয়েছে।

এর আগে মঙ্গলবার বিকাল ৪টার দিকে কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের দক্ষিণকাটদহ এলাকার একটি পুকুর থেকে ওই মায়ের মরদেহ উদ্ধার করা হয়।

নিহত মায়ের নাম মমতাজ বেগম (৫৫)। তিনি একই এলাকার মৃত ফজল বিশ্বাসের স্ত্রী। এ ঘটনায় হত্যার দায়ে মমতাজ বেগমের ছেলে মুন্নাকে (২৮) আটক করেছে পুলিশ।

স্থানীয় ইউপি সদস্য আমিরুল ইসলাম সান্টু জানান, তিন মেয়ের বিয়ে এবং স্বামী ফজল বিশ্বাসের মৃত্যুর পর ছোট ছেলে মুন্নাকে নিয়ে মিরপুর উপজেলার দক্ষিণকাটদহ এলাকায় বসবাস করতেন মমতাজ বেগম। গত ২৪ ডিসেম্বর থেকে মমতাজ বেগম নিখোঁজ ছিলেন।

গত সোমবার পোড়াদহ ইউনিয়নের দক্ষিণ কাটদহ এলাকার ইয়াসিনের ছেলে রাব্বিকে (২৮) আটক করে গোয়েন্দা পুলিশ। তার দেয়া তথ্যের ভিত্তিতে পুলিশ ওই নারীর মরদেহ উদ্ধার করে।

এ ঘটনায় মৃত ওই নারীর ভাই তুরাব আলী (৬৭) বাদী হয়ে বুধবার ছেলে মুন্না বাবু, তার বন্ধু রাব্বী আলামীন ও দেবর আব্দুল কাদের বিশ্বাসের (৫০) বিরুদ্ধে মিরপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন।

পরে মঙ্গলবার পুকুর থেকে বস্তাবন্দি ওই নারীর মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় মমতাজের ছেলে মুন্নাকে আটক করা হয়েছে।

কুষ্টিয়া ডিবি পুলিশের ওসি আমিনুল ইসলাম জানান, মূলত কী কারণে এমন হত্যাকাণ্ড ঘটেছে তা প্রেস ব্রিফিং করে জানানো হবে। পুলিশ ময়নাতদন্তের জন্য মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

নাসির-তামিমার বিরুদ্ধে মামলা

ডিভোর্স পেপার ছাড়াই অন্যের স্ত্রীকে বিয়ে করার অভিযোগে ক্রিকেটার নাসির হোসেন ও তামিমা সুলতানা তাম্মির বিরুদ্ধে মামলা হয়েছে।

বুধবার ঢাকা মহানগর হাকিম মোহাম্মদ জসীমের আদালতে রাকিব হাসান বাদী হয়ে এ মামলা করেন।

এবারের ভালোবাসা দিবসে প্রেমিকা তামিমাকে বিয়ে করার সিদ্ধান্ত নেন নাসির। পরিকল্পনামাফিক জমকালো আয়োজনে বিয়েটাও করে ফেলেন।

বিয়ের সপ্তাহ না গড়াতেই তামিমার আগের স্বামী রাকিব হাসান থানায় জিডি করেন। রাকিবের অভিযোগ, তামিমার সঙ্গে ১১ বছরের দাম্পত্য জীবন কাটিয়েছেন তিনি। তাদের ৮ বছরের কন্যাসন্তান রয়েছে। এটা জেনেও নাসির তার স্ত্রীকে বিয়ে করেছে। বিয়ের আগে তামিমা তাকে ডিভোর্স দেননি।

শুধু তাই নয়, ‘ব্যাড বয়’ খ্যাত নাসিরকে বিয়ে করার আগে আরও একজনের সঙ্গে সম্পর্ক জড়িয়েছিলেন তাম্মি। তার সঙ্গে সংসারও পেতেছিলেন। কিন্তু ছয় মাস সংসার করার পর ফিরে আসেন। এরপর নতুন করে নাসিরের সঙ্গে সম্পর্কে জড়ান সৌদি এয়ারলাইন্সের এ বিমানবালা।

তারপরও সব জেনেশুনেই তামিমাকে বিয়ে করেছেন বলে জানিয়েছেন ক্রিকেটার নাসির।